রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ফেব্রুয়ারি ৯, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ মাঘ ১৪২০ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-২২-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা "শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০১৪" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালা—

(১) **"কর্তৃপক্ষ"** অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(২) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(৩) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;



**মূল্য ঃ** টাকা ৮.০০

(৫) **"প্রকল্প"** অর্থ তফসিলে উল্লিখিত কোন প্রকল্প;

(৬) **"প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারী"** অর্থ প্রকল্পের কোন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকুরীরত ছিলেন এইরূপ কর্মকর্তা বা কর্মচারী;

(৭) **"প্রকল্পের চাকুরীকাল"** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরিকাল;

(৮) **"রাজস্ব বাজেটের পদ"** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত বা নূতনভাবে সৃজিত কোন পদ;

(৯) **"সাময়িকভাবে পদায়নকৃত"** অর্থ প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারীকে রাজস্ব বাজেটের কোন পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য**।—আপাতত: বলবৎ অন্য কোন বিধিমালা, সরকারি আদেশ বা নির্দেশে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে পদে নিয়মিতকরণ পদ্ধতি**।—(১) প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিত করা যাইবে, যথা:—

(ক) তফসিলের কলাম ৪-এ বর্ণিত পদে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বে তাহার চাকুরির ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বে তাহার চাকুরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর প্রস্তুতিকালীন ছুটি ভোগরত থাকিলে অথবা তাহার অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা তিনি মৃত্যুবরণ করিলে তাহাকে, ক্ষেত্রমত, অবসর প্রস্তুতিকালীন ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বে উক্ত কর্মকর্তা বা কর্মচারীর চাকুরি সন্তোষজনক হইতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর চাকুরি নিয়মিত করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারী জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে বয়সের ভিত্তিতে।

(৩) পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং প্রকল্প হইতে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা প্রাপ্ত হইবেন।

৬। **প্রকল্পের চাকুরীকাল গণনা**।—নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর প্রকল্পে চাকুরিকাল কেবল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোন অসুবিধা পরিলক্ষিত হইলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

## তফসিল

### [বিধি-২(৩) ও ৪(১)(ক) দ্রষ্টব্য]

### শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহ ঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্ত হওয়ার তারিখ | পদের বিবরণ | পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজির সংস্কার, আধুনিকীকরণ ও পুনর্গঠন প্রকল্প | ০১-০৭-১৯৯৭ খ্রিস্টাব্দ<br>৩০-০৬-২০০৫ খ্রিস্টাব্দ | ১. সহকারী অধ্যাপক (টেক) | ১ |
| | | | ২. প্রভাষক (টেক) | ১১ |
| | | | ৩. ফোরম্যান | ১ |
| | | | ৪. অধ্যক্ষের ব্যক্তিগত সহকারী | ১ |
| | | | ৫. ইলেকট্রিশিয়ান | ১ |
| | | | ৬. লাইব্রেরী সহকারী | ১ |
| | | | ৭. প্লাম্বার-কাম-পাম্প ড্রাইভার | ১ |
| | | | ৮. মেশিন অপারেটর | ১৮ |
| | | | ৯. ওয়ার্কশপ সহকারী | ৪ |
| | | | ১০. কার্পেন্টার | ১ |
| | | | ১১. ল্যাবরেটরী সহকারী | ৫ |
| | | | ১২. ফটোকপিয়ার অপারেটর | ১ |
| | | | ১৩. এমএলএসএস | ৫ |
| | | | ১৪. গার্ডেনার | ১ |
| | | | মোট = | ৫২ |
| (২) | বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স এর সংস্কার ও আধুনিকীকরণ প্রকল্প | ০১-০৭-১৯৯৮ খ্রিস্টাব্দ<br>৩০-০৬-২০০৪ খ্রিস্টাব্দ | ১. চীফ ইনস্ট্রাক্টর (টেক) | ২ |
| | | | ২. ইনস্ট্রাক্টর (টেক) | ১ |
| | | | ৩. ইনস্ট্রাক্টর (নন-টেক) | ১ |
| | | | ৪. সিরামিক/গ্লাস প্লান্ট টেকনিশিয়ান | ১ |
| | | | ৫. কম্পিউটার অপারেটর | ১ |
| | | | ৬. ক্রাফট ইনস্ট্রাক্টর (টিআর) | ২ |
| | | | ৭. মেকানিক্স (কিলন এন্ড ফার্নেস) | ১ |
| | | | ৮. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ |
| | | | ৯. ল্যাব বিয়ারার | ১ |
| | | | ১০. পাম্প অপারেটর | ১ |
| | | | ১১. এমএলএসএস | ২ |
| | | | ১২. সুইপার | ১ |
| | | | মোট = | ১৫ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩) | বিভাগীয় সদরে ৩টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প | ০১-০৭-১৯৯৮ খ্রিস্টাব্দ ৩০-০৬-২০০৬ খ্রিস্টাব্দ | ১. চীফ ইনস্ট্রাক্টর (নন-টেক) | ২ |
| | | | ২. ইনস্ট্রাক্টর (টেক) | ১০ |
| | | | ৩. ইনস্ট্রাক্টর (নন-টেক) | ৬ |
| | | | ৪. লাইব্রেরীয়ান | ৩ |
| | | | ৫. রেজিস্ট্রার | ২ |
| | | | ৬. জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) | ১৮ |
| | | | ৭. জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক) | ৬ |
| | | | ৮. ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | ২ |
| | | | ৯. প্রধান সহকারী | ৩ |
| | | | ১০. ইলেকট্রিশিয়ান-কাম-পাম্প অপারেটর | ২ |
| | | | ১১. স্টোর কিপার | ৩ |
| | | | ১২. কেয়ারটেকার | ৩ |
| | | | ১৩. কোষাধ্যক্ষ | ৩ |
| | | | ১৪. ক্রাফট ইনস্ট্রাক্টর (টি আর) | ৪ |
| | | | ১৫. ক্রাফট ইনস্ট্রাক্টর (সপ) | ৯ |
| | | | ১৬. ডাটা প্রসেসর | ৩ |
| | | | ১৭. ক্যাশ সরকার | ৩ |
| | | | ১৮. বুক সর্টার | ৩ |
| | | | ১৯. ক্লিনার | ২০ |
| | | | ২০. নিরাপত্তা প্রহরী | ৭ |
| | | | ২১. সুইপার | ২ |
| | | | মোট= | ১১৪ |
| (৪) | বিদ্যমান ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের আধুনিকীকরণ ও ১৮টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প | ০১-০৭-১৯৯৮ খ্রিস্টাব্দ ৩০-০৬-২০০৮ খ্রিস্টাব্দ | ১. অধ্যক্ষ (পলিটেকনিক) | ৯ |
| | | | ২. উপাধ্যক্ষ (পলিটেকনিক) | ১৩ |
| | | | ৩. চীফ ইনস্ট্রাক্টর (টেক) | ২৬ |
| | | | ৪. চীফ ইনস্ট্রাক্টর (নন-টেক) | ১৬ |
| | | | ৫. ইনস্ট্রাক্টর (টেক) | ১৩৮ |
| | | | ৬. ইনস্ট্রাক্টর (নন-টেক) | ৫১ |
| | | | ৭. লাইব্রেরীয়ান | ৭ |
| | | | ৮. রেজিস্ট্রার-কাম-বার্সার/রেজিস্ট্রার | ১০ |
| | | | ৯. মেডিক্যাল অফিসার | ১ |
| | | | ১০. ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর | ৫ |
| | | | ১১. জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) | ৮৪ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | ১২. জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক) | ৫৩ |
| | | | ১৩. প্রধান সহকারী | ১২ |
| | | | ১৪. হিসাব রক্ষক | ১২ |
| | | | ১৫. ইলেকট্রিশিয়ান-কাম-পাম্প অপারেটর | ১৭ |
| | | | ১৬. কম্পাউন্ডার | ৫ |
| | | | ১৭. কেয়ারটেকার | ১৩ |
| | | | ১৮. স্টোরকিপার | ১৫ |
| | | | ১৯. কোষাধ্যক্ষ | ১৩ |
| | | | ২০. ক্রাফট ইনস্ট্রাক্টর (টি আর) | ৬৭ |
| | | | ২১. ক্রাফট ইনস্ট্রাক্টর (সপ) | ৭১ |
| | | | ২২. ল্যাব এ্যাসিসটেন্ট | ৩৫ |
| | | | ২৩. ড্রাইভার | ১৫ |
| | | | ২৪. ডাটা প্রসেসর | ৩৩ |
| | | | ২৫. ক্যাশ সরকার | ১৩ |
| | | | ২৬. বুক সর্টার | ১৫ |
| | | | ২৭. ক্লিনার | ১৮৩ |
| | | | ২৮. সিকিউরিটি গার্ড | ৪৬ |
| | | | ২৯. সুইপার | ৩২ |
| | | | মোট= | ১০১০ |
| | | | সর্বমোট= | ১১৯১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd